

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 16-01-2025

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

Assembly adjourned:

রাজ্য বিধানসভার শীতকালীন অধিবেশন গতকাল রাত সাড়ে ৮ টায় অনির্দিষ্টকালের জন্য শেষ হয়েছে। অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মূলতবী ঘোষণা করেন। গত ১০ই জানুয়ারি রাজ্যপালের ভাষনের মধ্য দিয়ে তিনদিনের অধিবেশন শুরু হয়েছিল।

Assembly Bill Passed :

রাজ্য বিধানসভা অধিবেশনে গতকাল অধ্যক্ষ, উপাধ্যক্ষ, মুখ্যমন্ত্রী, মন্ত্রী, মুখ্যসচেতক, বিরোধী দলেন্তা ও বিধায়কদের বেতন ভাতা, পেনশন ও অন্যান্য সুবিধা সংক্রান্ত নবম সংশোধনী বিল সর্বসমত্বিক্রমে গৃহিত হয়। এই বেতন বৃদ্ধির ফলে মুখ্যমন্ত্রী প্রতিমাসে বেতন পাবেন ৯৭ হাজার টাকা। অধ্যক্ষ, মন্ত্রী, বিরোধী দলনেতা, সরকারী মুখ্য সচেতক বেতন পাবেন প্রতিমাসে ৯৫ হাজার টাকা করে। উপাধ্যক্ষ পাবেন ৯৪ হাজার টাকা ও বিধায়করা বেতন পাবেন প্রতি মাসে ৯৩ হাজার টাকা। সেই সঙ্গে অন্যান্য ভাতাদির হারও বৃদ্ধি করা হয়েছে।

এই বিল গৃহিত হওয়ায় রাজ্যে যে কোনও সময়ের জন্য বিধানসভার সদস্য হলেই তিনি পেনশনের উপযুক্ত হবেন বলে সংস্থান রাখা হয়েছে। বিধায়কদের পেনশনের হার বেড়ে দাঁড়িয়েছে প্রতি মাসে ৬৬ হাজার টাকা। পারিবারিক পেনশন প্রতি মাসে বেড়ে হবে ৪৮ হাজার টাকা।

বিধানসভায় গতকাল বিভিন্ন দোকান ও ব্যবসায়ীক প্রতিষ্ঠানে
কর্মরত মহিলা ও তরুণ অংশের শ্রমিকদের কাজের সময়সীমা
বেঁধে দেওয়া সংক্রান্ত The Tripura Shops and
Establishments এর ষষ্ঠ সংশোধনী সংক্রান্ত বিল গৃহিত হয়।

Assembly-Vidyajyoti School :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন বিদ্যাজ্যোতি
বিদ্যালয়গুলিতে শিক্ষার পরিকাঠামো উন্নত করতে সরকার
প্রতিশ্রুতিবদ্ধ। গতকাল বিধানসভায় বিরোধী দলনেতা জীতেন্দ্র
চৌধুরী এক প্রশ্নের উত্তরে একথা জানান। তিনি জানান, এখন
পর্যন্ত রাজ্যে মোট ১২৫টি বিদ্যালয়কে বিদ্যাজ্যোতি প্রকল্পে উন্নীত
করা হয়েছে। বিদ্যাজ্যোতি প্রকল্প চালু হওয়ার পর বিদ্যালয়
ভিত্তিক কোন পদ সৃষ্টি করা হয়নি। তবে বিদ্যাজ্যোতি প্রকল্পে
উন্নীত বিদ্যালয়গুলিতে শিক্ষক-শিক্ষিকা নিয়োগের জন্য হিন্দী
বিষয়ের ৮টি, কম্পিউটার সায়েন্সে বিষয় শিক্ষকের জন্য ১১৮টি,
স্কুল লাইব্রেরিয়ান ১২৫টি, ফিজিক্যাল এডুকেশন টিচার ১২৫টি,
ভূগোল বিষয় শিক্ষকের জন্য ৭৫টি, মনোবিদ্যা বিষয় শিক্ষকের
৭৫টি, সমাজবিদ্যা বিষয় শিক্ষকের জন্য ৭৫টি, অর্থনীতি
বিষয়ের শিক্ষকের জন্য ৭৫টি এবং ২০০টি স্পেশাল এডুকেটর
পদ সৃষ্টি করা হয়েছে। ইতিমধ্যে হিন্দী বিষয় শিক্ষকের জন্য
৮টি, কম্পিউটার সায়েন্সে ৬টি, ভূগোল বিষয়ের জন্য ৫১টি,
মনোবিদ্যা বিষয়ে ৪২টি, সমাজবিদ্যায় ৪৫টি, অর্থনীতি ৫৫টি
এবং স্পেশাল এডুকেটরের ৮৮টি পদে নিয়োগ করা হয়েছে।

Assembly-Fixed Pay :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল বিধানসভায় সাংবাদিকদের
জানান, ষোড়শ অর্থ কমিশনের চেয়ারম্যান অরবিন্দ পানাগড়িয়ার
নেতৃত্বে এক প্রতিনিধিদল তিনদিনের জন্য রাজ্য সফরের উদ্দেশ্যে

আগামী ২৯শে জানুয়ারী আগরতলায় আসছেন। তিনি বিধানসভায় সাংবাদিকদের জানান, রাজ্য সরকার ২০১৮ সাল থেকে এ পর্যন্ত প্রায় ১৪ হাজার নিয়মিত পদে চাকরি দিয়েছে। আরো প্রায় ১৬ হাজার পদে চাকরি দেবার উদ্যোগ নেওয়া হয়েছে। এর মধ্যে পুলিশ, শিক্ষা ও স্বাস্থ্য দপ্তরে সবচেয়ে বেশি সংখ্যক পদে চাকরির সুযোগ রয়েছে।

Mahakumbh :

বিশাল এবং ঐশ্বরিক মহাকুণ্ড বিশ্বব্যাপী মনোযোগ আকর্ষণ করছে। এই অংশ হিসেবে আজ ১০টি দেশের ২১ সদস্যের একটি প্রতিনিধি দল সঙ্গমে পবিত্র স্নান করবেন। পরবাট্টি মন্ত্রকের আমন্ত্রিত প্রতিনিধি দলটির আড়াইলের টেন্ট সিটিতে থাকার ব্যবস্থা করা হয়েছে। গতকাল প্রতিনিধি দলটি মহাকুণ্ড মেলা এলাকা পরিদর্শন করেন। আজ আন্তর্জাতিক প্রতিনিধিরা ত্রিবেণী সঙ্গমে পবিত্র স্নান করবেন এবং হেলিকপ্টারে মহাকুণ্ড এলাকার দৃশ্য উপভোগ করবেন। আন্তর্জাতিক প্রতিনিধি দলে ফিঝি, ফিনল্যান্ড, গায়ানা, মালয়েশিয়া, মরিশাস, সিঙ্গাপুর, দক্ষিণ আফ্রিকা, শ্রীলঙ্কা, ত্রিনিদাদ, টোবাগো এবং সংযুক্ত আরব আমিরশাহীর প্রতিনিধিরা রয়েছেন।

Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯শে জানুয়ারী রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত' - এর ১১৮তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিহ্নিত চিন্তাভাবনা 'মন-কি-বাত' -এ জানানোর আহ্বান জানিয়েছেন। my govt open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-

11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

TCA:

TCA পরিচালিত অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতায় ফাইন্যাল খেলা আজ অনুষ্ঠিত হবে। নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে সকাল ৯ টায় এই ফাইন্যালে, চাম্পামুড়া কোচিং সেন্টার ও এডি নগর কোচিং সেন্টার পরম্পরের মুখোমুখি হবে।

Weather:

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ প্রধানত পরিষ্কার থাকবে। ভোরে ঘন কুয়াশা ছিল। দিনের তাপমাত্রা সর্বচে ষষ্ঠি ২৮ ডিগ্রী ও সর্বনিম্ন ১৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৪ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস।
